

আইআইএমসির পড়ুয়াদের কৃতিত্ব

অতিমারির ধাক্কা কাটিয়ে এমবিএ পড়ুয়াদের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সাফল্যের দাবি করল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট-কলকাতা (আইআইএমসি)। দেশে ম্যানেজমেন্ট শিক্ষার অন্যতম অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ জানিয়েছেন, এ বছরে ওই পাঠক্রমের সব পড়ুয়া চাকরি পাওয়ার পাশাপাশি, তাঁদের গড় বেতন (কস্ট টু কোম্পানি) পৌঁছেছে সর্বকালীন উচ্চতায়। বার্ষিক ৩৪.২ লক্ষ টাকায়।

দু'বছরের এমবিএ এই প্রতিষ্ঠানের মূল পাঠক্রম। কর্তৃপক্ষ জানান, এ বারে পড়ুয়ার সংখ্যা ছিল ৪৬৫। তাঁরা ১৯০টিরও বেশি সংস্থার থেকে মোট ৬৩১টি চাকরির প্রস্তাব পেয়েছিলেন। সবচেয়ে বেশি নিয়োগপত্র দিয়েছে উপদেষ্টা সংস্থাগুলি (৪৯%)। এ ছাড়া ইনভেস্টমেন্ট ব্যাঙ্ক, প্রাইভেট একুইটি ও ভেঞ্চার ক্যাপিটাল, ম্যানেজমেন্ট ও বিপণন সংস্থার পাশাপাশি, প্রথম বার নিয়োগের প্রস্তাব নিয়ে এসেছিল নায়কা, জোম্যাটো, রথসচাইল্ড, পেটিএমের মতো সংস্থা।

নিজস্ব সংবাদদাতা